x. এই বিন্যাসের সূচালতা, $\beta_2 = 3 + \frac{1\text{-}6pq}{npq}$

যদি $1 > 6pq$ হলে $\beta_2 > 3$ হয় অর্থাৎ অতি সূচালো বিন্যাস, $1 < 6pq$ হলে $\beta_2 < 3$ হয় অর্থাৎ অনতি সূচালো বিন্যাস এবং $1 = 6pq$ হলে $\beta_2 = 3$ হয় অর্থাৎ মধ্যম সূচালো বিন্যাস হবে।

xi. দু'টি স্বাধীন দ্বিপদী চলকের সমষ্টি একটি স্বাধীন দ্বিপদী চলক হবে।

## দ্বিপদী বিন্যাসের ব্যবহার
## Uses of Binomial Distribution

ক. কোন পরীক্ষায় ট্রায়ালে দু'টি সম্ভাব্য ফলাফল থাকলে এই বিন্যাস ব্যবহার করা যায়।

খ. বিভিন্ন বিন্যাস (যেমন: পৈঁসু ও পরিমিত বিন্যাস) উদ্ভাবনে দ্বিপদী বিন্যাস ব্যবহৃত হয়।

গ. ছোট নমুনার ক্ষেত্রে অনুপাত যাচাই করতে এই বিন্যাস ব্যবহৃত হয়।

ঘ. পর্যবেক্ষিত গণসংখ্যা বিন্যাস মিলকরণে এই বিন্যাস ব্যবহৃত হয়।

ঙ. সম্ভাবনা তত্ত্ব ভিত্তিক সমস্যা সমাধানে এই বিন্যাস ব্যবহার করা হয়।

## দ্বিপদী বিন্যাসের গড় ও ভেদাংক নির্ণয়
## Determination of Mean and Variance of Binomial Distribution

### দ্বিপদী বিন্যাসের গড় নির্ণয়:

মনে করি কোন একটি পরীক্ষায় n সংখ্যক স্বাধীন ট্রায়াল আছে এবং সফলতা ও বিফলতার সম্ভাবনা যথাক্রমে p ও q হয়, তাহলে দৈব চলক x এর প্রত্যাশিত মান বা গড়,

$$
\begin{aligned}
\mu \text{ বা } E(x) &= \sum_{x=0}^{n} x.p(x) \\
&= \sum_{x=0}^{n} x.\, n_{c_0}\, p^x q^{n-x} \\
&= 0.\, n_{c_0}\, p^0 q^{n-0} + 1.\, n_{c_1}\, p^1 q^{n-1} + 2.\, n_{c_2}\, p^2 q^{n-2} + \dots\dots + n.\, n_{c_n}\, p^n q^{n-n} \\
&= 0 + npq^{n-1} + 2.\, n_{c_2}\, p^2 q^{n-2} + \dots\dots + n.1.p^n q^0 \\
&= npq^{n-1} + 2.\frac{n(n-1)}{2\times 1}\, p^2 q^{(n-1)-1} + \dots\dots + n.p^n \\
&= npq^{n-1} + n(n-1)\, p^2 q^{(n-1)-1} + \dots\dots + n.p^n \\
&= np\, \{q^{n-1} + (n-1)\, pq^{(n-1)-1} + \dots\dots + p^{n-1}\} \\
&= np\, \{q^{n-1} + (n-1)\, q^{(n-1)-1} p + \dots\dots + p^{n-1}\} \\
&= np\, (q+p)^{n-1} \\
&= np\, (1)^{n-1} \quad [\text{যেহেতু } q + p = 1] \\
&= np \\
&= \text{ট্রায়ালের সংখ্যা} \times \text{সফলতার সম্ভাবনা}
\end{aligned}
$$

∴ দ্বিপদী বিন্যাসের গড় বা প্রত্যাশিত মান = ট্রায়ালের সংখ্যা × সফলতার সম্ভাবনা

### দ্বিপদী বিন্যাসের ভেদাংক নির্ণয়:

$$
\begin{aligned}
\text{ভেদাংক, } \sigma^2 \text{ বা } V(x) &= E(x^2) - \{E(x)\}^2 \\
&= E\{x(x-1) + x\} - (np)^2 \quad [\text{যেহেতু গড় } E(x) = np] \\
&= E\{x(x-1)\} + E(x) - n^2p^2 \\
&= E\{x(x-1)\} + np - n^2p^2
\end{aligned}
$$

ক. ঠিক 3টি দ্রব্য ত্রুটিপূর্ণ হওয়ার সম্ভাবনা,

$p(x=3) = 10_{c_3} \ (0.20)^3 \ (0.80)^7$

$= 0.2013$

এখানে,
সফলতা, $p = 0.20$
বিফলতা, $q = 0.80$

খ. 3টির কম দ্রব্য ত্রুটিপূর্ণ হওয়ার সম্ভাবনা,

$p(x < 3) = P(x = 0) + P(x = 1) + P(x=2)$

$= 0.1074 + 0.2684 + 0.3020$

$= 0.6778$

এখানে,
সফলতা, $p = 0.20$
বিফলতা, $q = 0.80$

গ. 3টি বা তার কম দ্রব্য ত্রুটিপূর্ণ হওয়ার সম্ভাবনা,

$p(x \leq 3) = P(x = 0) + P(x = 1) + P(x = 2) + P(x = 3)$

$= 0.1074 + 0.2684 + 0.3020 + 0.2013$

$= 0.8791$

এখানে,
সফলতা, $p = 0.20$
বিফলতা, $q = 0.80$

ঘ. 3টির অধিক ত্রুটিপূর্ণ হওয়ার সম্ভাবনা,

$p(x > 3) = 1 - P((x \leq 3)$

$= 1 - [P(x = 0) + P(x = 1) + P(x = 2) + P(x = 3)]$

$= 1 - [0.1074 + 0.2684 + 0.3020 + 0.2013]$

$= 1 - 0.8791$

$= 0.1209$

এখানে,
সফলতা, $p = 0.20$
বিফলতা, $q = 0.80$

ঙ. 3টি বা তার বেশী ত্রুটিপূর্ণ হওয়ার সম্ভাবনা,

$p(x \geq 3) = 1 - P((x < 3)$

$= 1 - [P(x = 0) + P(x = 1) + P(x = 2)]$

$= 1 - [0.1074 + 0.2684 + 0.3020]$

$= 1 - 0.6778$

$= 0.3222$

এখানে,
সফলতা, $p = 0.20$
বিফলতা, $q = 0.80$

### সারসংক্ষেপ

- দ্বিপদী বিন্যাসের গড় ভেদাংক অপেক্ষা বড়।

